

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অনুষ্ঠিত
প্রাতিষ্ঠানিক গণশুনানী সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আবদুল ওয়াহাব ভূঞা
মহাপরিচালক (গ্রেড-১)।
সভার তারিখ ও সময় : ২০ ডিসেম্বর, ২০২২খ্রি, বেলা ১১.৩০ টা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন, সরকার সেবাকে সহজ, জবাবদিহিমূলক ও জনবান্ধব করতে এবং জাতির পিতার স্বপ্ন বাস্তবায়ন করতে জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়ন করেছে। সভাপতি অধিদপ্তরের কার্যকারিতা ও স্বচ্ছতা বৃদ্ধি এবং সরকারি সেবার মানোন্নয়নের জন্য সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।
০২। অতঃপর সভায় গত ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নোবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
৪.১	ফার্মাসিউটিক্যালস্ কোম্পানীর ঔষধ রপ্তানীর পূর্বানুমতি/ছাড়পত্রের বিষয়ে অধিক গুরুত্ব দিয়ে স্বল্প সময়ে পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের উদ্যোগ নিতে হবে। তবে চেকলিস্ট অনুযায়ী যথাযথ কাগজপত্র থাকতে হবে;	চেকলিস্ট অনুযায়ী যথাযথ কাগজপত্র থাকলে প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানী/রপ্তানির পূর্বানুমতি/ছাড়পত্রের বিষয়ে অধিক গুরুত্বসহকারে স্বল্প সময়ে ছাড়পত্র প্রদান করা হচ্ছে। সময় সাশ্রয়ের বিষয়টি নিশ্চিত করার জন্য গত ২৯ আগস্ট, ২০২২ তারিখ মাঠ পর্যায়ের পত্র প্রেরণ করা হয়েছে।
৪.২	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাসিক প্রতিবেদন অনলাইনে/ই-মেইলে গ্রহণ করতে হবে;	বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার ২৬ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ৯১৮ নং স্মারকমূলে মাঠ পর্যায়ের পত্র প্রেরণ করা হয়েছে।
৪.৩	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে সরকারি অনুদান প্রদানের আবেদনের সাথে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র না থাকলে তা তদন্তের আওতায় আসবে না।	বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার ২৬ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ৯১৮ নং স্মারকমূলে মাঠ পর্যায়ের পত্র প্রেরণ করা হয়েছে।
৪.৪	মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোশ্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে তথ্য আপলোড নিশ্চিত করতে হবে;	(ক) সোশ্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে মাঠ পর্যায়ের মাদক সংক্রান্ত কার্যক্রমের তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ২০২২ সনের ফেসবুক পেজে প্রচারের সংখ্যা নিম্নরূপ: ১) জুলাই/২২-সেপ্টেম্বর/২২ পর্যন্ত ফেসবুক পেজে আপলোডের সংখ্যা-২৯টি। ২) অক্টোবর/২২-নভেম্বর/২২ পর্যন্ত ফেসবুক পেজে আপলোডের সংখ্যা-৪০টি। (খ) অধিদপ্তরের সোশ্যাল মিডিয়ায় ইউটিউব চ্যানেলের মাধ্যমে নাগরিকের মধ্যেও মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তর হতে প্রস্তুতকৃত টিভিসি, থিমসং, নাটিকা প্রচার করা হচ্ছে। এ পর্যন্ত ৭০টি কনটেন্ট ইউটিউব চ্যানেলে আপলোড করা হয়েছে।
৪.৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বা গণশুনানী প্রতি ৩ মাস পর পর আয়োজন করতে হবে;	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভা গত ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ এবং গণশুনানী ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ২য় সভা/গণশুনানী ২০ ডিসেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

০৩। সভাপতি উপস্থিত অংশীজনকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহ্বান জানান। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- সেফ হোম মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিনিধি বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় ও তদারকীতে মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহ পরিচালিত হচ্ছে। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে সার্বক্ষণিক/খন্ডকালীন ডাক্তার, সাইকিয়াট্রিস্ট নিয়োজিত রয়েছে। বর্তমানে বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে সেবার মানও উন্নত করা হয়েছে। তবে কিছু কিছু প্রতিষ্ঠানের অনিয়মের কারণে সকল প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ হচ্ছে। এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, অনেক বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ভালো কাজ করছে এবং অধিদপ্তরের মাদকবিরোধী প্রচার-প্রচারণামূলক কাজেও ভূমিকা রাখছে। এসব প্রতিষ্ঠানের প্রচারণামূলক কার্যক্রম অধিদপ্তরের ফেসবুক পেজের সাথে লিংক করলে প্রচার-প্রচারণা বৃদ্ধি পাবে। অতিরিক্ত মহাপরিচালক বলেন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো মনিটরিংয়ের লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত নিরাময় কেন্দ্রগুলো প্রতি ৩ মাসে ১ বার, বৃহত্তর জেলায় অবস্থিত নিরাময় কেন্দ্রগুলো প্রতি ২ মাসে ১ বার এবং অপেক্ষাকৃত ছোট জেলায় অবস্থিত নিরাময় কেন্দ্রগুলো প্রতি ১ মাসে ১ বার পরিদর্শন করা যেতে পারে।
- লাইট হাউজ মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিনিধি বলেন, সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে আবাসিক এলাকায় অবস্থিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর ট্রেড লাইসেন্স সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন হতে প্রদান করা হচ্ছে না। এ ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে ইস্যুকৃত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের লাইসেন্স নবায়নে প্রায়শ:ই জটিলতা তৈরি হয়। অতিরিক্ত মহাপরিচালক বলেন, ট্রেড লাইসেন্স সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবর আবেদন করলে আবেদনের প্রেক্ষিতে আলোচনা করা যেতে পারে।

৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের অনিয়ম দূরীকরণের লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত কেন্দ্রগুলো প্রতি ৩ মাসে ১ বার, বৃহত্তর জেলায় অবস্থিত কেন্দ্রগুলো প্রতি ২ মাসে ১ বার এবং অপেক্ষাকৃত ছোট জেলায় অবস্থিত নিরাময় কেন্দ্রগুলো প্রতি ১ মাসে ১ বার পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বরাবর প্রেরণ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.২	সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে আবাসিক এলাকায় অবস্থিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর ট্রেড লাইসেন্স সংক্রান্ত জটিলতা নিরসনের উদ্যোগ নিতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৪.৩	কর্মক্ষেত্রে শূদ্ধাচার প্রতিষ্ঠা ও এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট

৫। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল অংশীজনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।


নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ৬৭২৭

তারিখ: ২২ পৌষ, ১৪২৯
২৭ ডিসেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

- ৭। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/
জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো
কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।


(শামীম জাহান)
উপপরিচালক (প্রশাসন) 22